

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ সালাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(২৭৭) দু'আ কুনৃত পাঠ করার সময় হাত উত্তোলন করা কি সুন্নাত? দলীলসহ জবাব চাই।

হাাঁ, সুন্নাত হচ্ছে দু'আ কুন্ত পাঠ করার সময় হাত উত্তোলন করা। কেননা মুসলমানদের উপর কোন বিপদ এলে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ফর্য নামাযে কুন্ত পাঠ করার সময় এরূপ করেছিলেন। অনুরূপভাবে ছহীহ্ভাবে প্রমাণিত হয়েছে আমীরুল মু'মেনীন উমার বিন খাত্তাব (রাঃ) বিতরের কুন্তে হাত উত্তোলন করেছেন। তিনি খোলাফা রাশেদার মধ্যে অন্যতম। যাদের অনুসরণ করার জন্য আমাদেরকে আদেশ করা হয়েছে। অতএব বিতর নামাযে কুন্তের সময় হাত উত্তোলন করা সুন্নাত। চাই সে ইমাম হোক বা মুক্তাদী বা একাকী। যখনই কুন্ত পড়বে হাত উত্তোলন করবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=807

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন